# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৯৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৯৫]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْاِفْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৬৯: ‘কুল হুওয়াল্ল-হু আহাদ’ পড়ার ফযীলত

الفضل في قراءة قل هو الله أحد

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكٍ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ عُبَيْدِ بْنِ حُنَيْنٍ مَوْلَى آلِ زَيْدِ بْنِ الْخَطَّابِ، قال: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يقول: أَقْبَلْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَمِعَ رَجُلًا يَقْرَأُ قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ 1 اللَّهُ الصَّمَدُ 2 لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ 3 وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ 4 سورة الإخلاص آية 1-4 فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: وَجَبَتْ فَسَأَلْتُهُ مَاذَا يَا رَسُولَ اللَّهِ قَالَ: الْجَنَّةُ .

تخريج دارالدعوه: سنن الترمذى/فضائل القرآن ١١ (٢٨٩٧)، (تحفة الأشراف: ١٤١٢٧)، موطا امام مالک/القرآن ٦ (١٨)، مسند احمد ٢/٣٠٢، ٥٣٥، ٥٣٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 995 - صحيح

বাংলা

৯৯৪. কুতায়বাহ্ (রহ.) ..... আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে আসলাম। তিনি শুনলেন যে, এক ব্যক্তি পড়ছে- “১. কুল হওয়াল্ল-হু। ২. আল্ল-হুস্ সমাদ। ৩. লাম ইয়ালিদ ওয়ালাম ইউলাদ। ৪. ওয়ালাম ইয়াকুল্লাহ কুফুওয়ান আহাদ” (বল, তিনিই আল্লাহ, একক ও অদ্বিতীয়, তিনি কারও মুখাপেক্ষী নন, সকলেই তার মুখাপেক্ষী। তিনি কাউকে জন্ম দেননি এবং তাঁকেও জন্ম দেয়া হয়নি এবং তাঁর সমতুল্য কেউ নেই)। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, অবধারিত হয়ে গেছে। আমি তাকে প্রশ্ন করলাম, হে আল্লাহর রসূল(সা.)! কী অবধারিত হয়ে গেছে? তিনি বললেন, জান্নাত।

## English

69. The Virtue Of Reciting "Say: He Is Allah, (The) One"

It was narrated that Ubaid bin Hunain, the freed slave of the family of Zaib bin Al-Khattab, said: I heard Abu Hurairah say: 'I came back (from a journey) with the Messenger of Allah (ﷺ) and he heard a man reciting 'Say: He is Allah, (the) One, Allah-us-Samad (the Self-Sufficient Master). He begets not, nor was He begotten. And there is none equal or comparable unto Him.' The Messenger of Allah (ﷺ) said: 'It is guaranteed.' We asked him: 'What, O Messenger of Allah?' He said: 'Paradise.'

### ফুটনোট

সহীহ: তিরমিযী ২৮৯৭, নাসায়ী’র “আমালুল ইয়াওমি ওয়াল লায়লাতি” ৭০২, মুসনাদে আহমাদ ৭৯৯৮, মুয়াত্তা মালিক ১৮ তা'লীকুর রাগীব ২/২২৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87368

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন